

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শুংখলা অধিশাখা শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩০.২০১৬-১০১

তারিখঃ ২০.০৩.২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ ব্যক্তিগত শুনানি।**

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, ডাঃ মোহাম্মদ মোস্তফা কামাল (১২০৪৪৩), সহকারী রেজিষ্ট্রার (এ্যানেসথেসিওলজি), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানী আগামী ২৭.০৩.২০১৮ খ্রিঃ বেলা ১০.৩০ ঘটিকায় স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয় কর্তৃক তাঁর অফিস (কক্ষ নং-৩৪০, ভবন-৩, ৪র্থ তলা) কক্ষে গ্রহণ করা হবে।

২। নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট কাগজপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ-  
(মোঃ রেজাউল আলম)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮


ডাঃ মোহাম্মদ মোস্তফা কামাল (১২০৪৪৩)  
সহকারী রেজিষ্ট্রার (এ্যানেসথেসিওলজি)  
জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল  
শেরে বাংলানগর, ঢাকা।  
(স্থায়ী ঠিকানাঃ পিতা-মোঃ সোরাব মিয়া, পশ্চিম আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩০.২০১৬-১০১/১(৭)

তারিখঃ ২০.০৩.২০১৮ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ**

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নির্ধারিত তারিখে সংশ্লিষ্টদের নথিপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য এবং নোটিসটি যথাযথভাবে জারি করার জন্য অনুরোধ করা হল)।
- ২। যুগ্মসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
- ৪। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
(মোঃ রেজাউল আলম)  
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শুংখলা অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৭.২০১৭-২০২

তারিখঃ ২০.০৬.২০১৮খ্রি:

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিস

যেহেতু, ডাঃ মঞ্জুর আল মুর্শেদ চৌধুরী (১৩৪৬৫৮), ইমার্জেন্সী মেডিকেল অফিসার, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলগাজী, ফেনী) গত ১৪.০৮.২০১৬ খ্রিঃ হতে ১৮.০৯.২০১৬ খ্রিঃ পর্যন্ত এবং পরবর্তীতে ১২.১২.২০১৬ খ্রিঃ হতে অদ্যাবধি পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (সি) বিধি মোতাবেক “অসদাচরণ (Misconduct)” ও “বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি (Desertion)” এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ০৮.০৬.২০১৭ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৭.২০১৭-২০২ নং স্মারকমূলে ১ম কারণ-দর্শানোর নোটিস জারি করা হয়;


যেহেতু, আপনি প্রজাতন্ত্রের একজন কর্মকর্তা হিসেবে ১৪.০৮.২০১৬ খ্রিঃ হতে ১৮.০৯.২০১৬ খ্রিঃ পর্যন্ত এবং পরবর্তীতে ১২.১২.২০১৬ খ্রিঃ হতে অদ্যাবধি পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বিধায় সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (সি) উপ-বিধি অনুযায়ী কর্মস্থল ত্যাগের অপরাধ করেছেন।

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি, অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (সি) অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ (Misconduct)” ও “বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি (Desertion)”-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনাকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী “চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service)” গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

এক্ষেণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) মোতাবেক সরকারি “চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service)” করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিস প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এ সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ ০৩(৩)সাত।

  
(মোঃ সিরাজুল হাক) সচিব

ডাঃ মঞ্জুর আল মুর্শেদ চৌধুরী (১৩৪৬৫৮)

ইমার্জেন্সী মেডিকেল অফিসার

কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা

(প্রাক্তন মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলগাজী, ফেনী)।


(স্থায়ী ঠিকানাঃ- পিতা- মৃত আব্দুর রহিম চৌধুরী, চৌধুরী বাড়ী, বন্ধুয়া দৌলতপুর, আনন্দপুর, ফুলগাজী, ফেনী)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৭.২০১৭-২০২/৩(৭)

তারিখঃ ২০.০৬.২০১৮খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
- ৪। পরিচালক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা। (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় লটকিয়ে জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৫। উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিভিল সার্জন, ফেনী। (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় লটকিয়ে জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

  
(মোঃ সিরাজুল হাক) সচিব